



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/12/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নতুন স্কুল পরবর্তী কর্মসূচির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন

*অর্থবছর 2025 এর নির্বাহী বাজেটের পরিকল্পনা অ্যাডভান্টেজ এবং এম্পায়ার স্টেট স্কুল পরবর্তী কর্মসূচিসমূহকে একত্রিত করে নতুন সরলীকৃত LEAPS উদ্যোগ তৈরি করে*

*কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটে উচ্চ চাহিদার এলাকাসমূহে 40,000 এর বেশি শিশুর জন্য কাজ করবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্কুল পরবর্তী কর্মসূচিসমূহের জন্য তহবিল হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্টেট অনুদান উপলভ্য করা হবে, যা গত বছরের তহবিলের থেকে 17.7 মিলিয়ন মার্কিন ডলার বেশি। [নতুন শিক্ষা ও সমৃদ্ধিকরণ স্কুল পরবর্তী কর্মসূচি সমর্থন \(Learning and Enrichment After-School Program Supports, LEAPS\)](#) অনুদানসমূহ নিউ ইয়র্ক স্টেটের [শিশু ও পরিবার পরিষেবা অফিসের \(Office of Children and Family Services, OCFS\)](#) মাধ্যমে বিতরণ করা হবে, এবং এটি উচ্চ চাহিদার এলাকাসমূহে 40,000 এর বেশি শিশুর জন্য কাজ করবে বলে আশা করা যাচ্ছে।

"কোভিড-19 মহামারীর সময়, বহু শিশু কিশোর স্কুল পরবর্তী কর্মসূচি থেকে বিচ্ছিন্ন হয়ে যায় এবং একাডেমিক সমর্থন লাভের এই অতি গুরুত্বপূর্ণ উপায় পাওয়া ও আরো বলীয়ান সামাজিক সংযোগ গঠন করার সুযোগ হারায়," **গভর্নর হোকল বলেন।** "এই তহবিলটি কমবয়সীদের বিকাশের জন্য এবং নিজেদের প্রকাশ করার জন্য আরেকটি নিরাপদ স্থান প্রদান করবে এবং পিতামাতাকে এই নিশ্চয়তা প্রদান করবে যে তাদের সন্তানের শিক্ষা ও বিকাশ শুধু স্কুলের সময়টিতেই সীমাবদ্ধ নেই।"

শিক্ষা ও সমৃদ্ধিকরণ স্কুল পরবর্তী কর্মসূচি সমর্থন উদ্যোগ বিদ্যমান অ্যাডভান্টেজ (Advantage) এবং এম্পায়ার স্টেট স্কুল পরবর্তী কর্মসূচিকে একটি একক, সরলীকৃত কর্মসূচিতে একত্রিত করে, যা তহবিল ও যোগ্যতাকে স্ট্যান্ডার্ডাইজ করবে এবং প্রদানকারীদের জন্য প্রশাসনিক চাপ হ্রাস করবে। LEAPS স্কুল পরবর্তী কর্মসূচিসমূহে আনুমানিক 97.5 মিলিয়ন মার্কিন ডলার প্রাক-কিন্ডারগার্টেন থেকে শুরু করে হাই স্কুলের শিশুদের জন্য কাজ করবে। সম্মিলিত স্কুল পরবর্তী তহবিলে এছাড়াও রয়েছে একটি 2.25 মিলিয়ন মার্কিন ডলারের পাইলট কর্মসূচি যা স্কুলের

বাইরের সময়ে কিশোরদের জন্য ইতিবাচক তারুণ্যের বিকাশ সুযোগ ও সেবা প্রদান করবে, এবং সেই সাথে রয়েছে একটি কারিগরি সহায়তা প্রদানকারীর জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার।

অর্থ কীভাবে প্রদান করা হবে তা 2024 সালের এপ্রিল মাসে ঘোষণা করা হবে বলে আশা করা যাচ্ছে, এবং 1 সেপ্টেম্বর, আগামী স্কুলবর্ষ শুরু হওয়ার সময় LEAPS চুক্তিসমূহ শুরু হবে।

**নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার এবং চাইল্ড কেয়ার উপলভ্যতা টাস্ক ফোর্সের (Child Care Availability Task Force) সহপ্রধান সুজান মাইলস-গুস্তাভ বলেন,** "নিউ ইয়র্ক পরিবারসমূহের প্রাপ্য, উচ্চমানের, সাশ্রয়ী চাইল্ড কেয়ার কর্মসূচির সংখ্যা বৃদ্ধি করতে গভর্নর হোকলের মিশনের নেতৃত্বে সাহায্য করার জন্য OCFS একই সাথে আনন্দিত ও প্রতিশ্রুতিবদ্ধ। LEAPS অনুদানসমূহ বিদ্যমান স্কুল পরবর্তী কর্মসূচিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং নতুন কর্মসূচির অর্থায়নের সুযোগ প্রদান করবে যাতে করে আরো বেশি স্কুলবয়সী শিশুদের কাছে এইসব অমূল্য সেবা পাওয়ার সমান সুযোগ থাকে। গবেষণায় দেখা যায় যে যেসব কমবয়সী এইসব কর্মসূচিতে অংশগ্রহণ করে তাদের উচ্চতর স্কুলে উপস্থিতি বেশি থাকে, তারা অপেক্ষাকৃত বেশি একাডেমিক সাফল্য অর্জন করে এবং ক্ষতিকর প্রভাবের সংস্পর্শে আসার ঝুঁকি তাদের অপেক্ষাকৃত কম।"

গভর্নর সম্প্রতি চাইল্ড কেয়ার সেন্টার এবং নিবন্ধিত স্কুল বয়সী শিশুদের চাইল্ড কেয়ার কর্মসূচির নির্মাণ বা সম্প্রসারণের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার মূলধন অনুদান এবং সরাসরি বা তৃতীয় পক্ষের মাধ্যমে নিজেদের কর্মচারীদের জন্য নবজাতক ও শিশুদের চাইল্ড কেয়ার আসন তৈরি বা সম্প্রসারিত করে এমন যোগ্য ব্যবসাসমূহের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার ব্যবসায়িক কর ক্রেডিটের ঘোষণা প্রদান করেছেন। 2023 সালের অক্টোবরের [স্টেটের চাইল্ড কেয়ার সহায়তা কর্মসূচির \(Child Care Assistance Program\) সম্প্রসারণের](#) অনুবর্তী এইসব কর্মসূচি যা চাইল্ড কেয়ার সহায়তার জন্য [আয়ের যোগ্যতার সীমা ফেডারেল সর্বোচ্চ পর্যায়ে বৃদ্ধি করেছে](#), এই পদক্ষেপের মাধ্যমে অতিরিক্ত 100,000 নিউ ইয়র্ক পরিবারকে সাহায্য করা যাবে বলে আশা করা যাচ্ছে।

LEAPS অর্থায়িত কর্মসূচিটি একাডেমিক সমর্থন এবং সমৃদ্ধিকরণ সুযোগসম্পন্ন উচ্চমানের সার্বিক স্কুল পরবর্তী সেবা পাওয়ার সুযোগের প্রসার করবে। এছাড়াও কর্মসূচিসমূহের উদ্দেশ্য হলো সামাজিক এবং আবেগিক সমর্থন সেবা পাওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের সুযোগ সম্প্রসারণ করার মাধ্যমে মহামারীর চলমান প্রভাব প্রশমন করা এবং সেই সাথে মেন্টরশিপ ও চাকরি ও জীবন দক্ষতার প্রশিক্ষণ প্রদান করা।

উচ্চ চাহিদার স্কুল জেলাতে সেবাদান করা স্টেটের লাইসেন্সকৃত স্কুল কর্মসূচি, এবং লাইসেন্সধারী প্রদানকারী হয়ে উঠতে আগ্রহী সংগঠনসমূহ অনুদানের জন্য আবেদন করার যোগ্য হবে। OCFS ওয়েবসাইটের [LEAPS পেজে](#) অনুদানের জন্য আবেদন করার তথ্য পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)